

## 💵 মুয়াত্তা মালিক

হাদিস নাম্বারঃ ৫৪২

১৬. জানাইয (كتاب الجنائز)

পরিচ্ছেদঃ ১২. মৃত ব্যক্তির জন্য কাঁদিতে নিষেধ করা

بَابِ النَّهْيِ عَنْ الْبُكَاءِ عَلَى الْمَيِّتِ

## আরবী

وَحَدَّتَنِي عَنْ مَالِك عَنْ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي بَكْرٍ عَنْ أَبِيهِ عَنْ عَمْرَةَ بِنْتِ عَبْدِ الرَّحْمَنِ أَنَّهَا أَخْبَرَتْهُ أَنَّهَا سَمِعَتْ عَائِشَةَ أُمَّ الْمُؤْمِنِينَ تَقُولُ وَذُكِرَ لَهَا أَنَّ عَبْدَ اللَّهِ بْنَ عُمَرَ يَقُولُ إِنَّ الْمُؤْمِنِينَ تَقُولُ وَذُكِرَ لَهَا أَنَّ عَبْدِ اللَّهِ بْنَ عُمَرَ يَقُولُ إِنَّ الْمُيِّتَ لَيُعَذَّبُ بِبُكَاءِ الْحَيِّ فَقَالَتْ عَائِشَةُ يَغْفِرُ اللَّهُ لِأَبِي عَبْدِ الرَّحْمَنِ أَمَا إِنَّهُ لَمْ يَكْذِبُ وَلَكِنَّهُ نَسِيَ أَنْ أَخْطَأَ إِنَّمَا مَرَّ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِيَهُودِيَّةٍ يَبْكِي عَلَيْهَا أَهْلُهَا فَلَكَا إِنَّكُمْ لَتَبْكُونَ عَلَيْهَا وَإِنَّهَا لَتُعَذَّبُ فِي قَبْرِهَا

## বাংলা

রেওয়ায়ত ৩৭. আমরা বিনত আবদুর রহমান (রহঃ) হইতে বর্ণিত- তিনি উম্মুল মু'মিনীন আয়েশা (রাঃ)-কে বলিতে শুনিয়াছেন- তাহার নিকট উল্লেখ করা হয় য়ে, আবদুল্লাহ ইবন উমর (রাঃ) বলেন, জীবিত ব্যক্তির ক্রন্দনের কারণে মৃত ব্যক্তিকে আয়াব দেওয়া হয়। ইহা শুনিয়া আয়েশা (রাঃ) বললেনঃ আবু আবদুর রহমানকে আল্লাহ ক্ষমা করুন। ইহা সত্য য়ে, তিনি মিথ্যা বলেন নাই। অবশ্য তিনি ভুলিয়া গিয়াছেন অথবা ভুল করিয়াছেন। ঘটনা এই য়ে, এক ইহুদী মহিলার (কবরের) পাশ দিয়া একদা রাস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যাইতেছিলেন, তাহার পরিবারের লোকেরা তাহার জন্য কাঁদিতেছিলেন, তখন রাস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলিলেনঃ তাহারা উহার জন্য কাঁদিতেছে অথচ উহাকে কবরে আয়াব দেওয়া হইতেছে।

## **English**

Yahya related to me from Malik from Abdullah ibn Abi Bakr from his father that Amra bint Abd ar-Rahman told him that she had heard A'isha, the umm al-muminin, say (when it was mentioned to her that Abdullah ibn Umar used to say, "The dead are tormented by the weeping of the living"), "May Allah forgive Abu Abd ar-Rahman. Of course he has not lied, but he has forgotten, or made a mistake. The Messenger of Allah, may Allah bless him and grant him peace, passed by a jewish woman whose family were crying over her



and he said, 'You are crying over her, and she is being tormented in her grave. ' "

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন